সংবাদ

তারিখ 13 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

# সরিষাবাড়ীতে প্রা. স্কুলের প্রশ্নপত্রে কেজি স্কুলের মডেল টেস্ট!

**প্রতিনিধি, সরিষাবাড়ী (জামালপুর)**

সরিষাবাড়ীতে প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের ২য় সাময়িক পরীক্ষার প্রশ্নপত্র দিয়ে এক কিন্ডারগার্টেনে মডেল টেস্ট পরীক্ষা নেয়ার অভিযোগ উঠেছে। উপজেলা পোস্ট অফিস রোডের ইউরিকা কিন্ডারগার্টেন অ্যান্ড ক্যাডেট কোচিং কর্তৃপক্ষ শিক্ষার্থী ও অভিভাবক আকৃষ্ট করতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রশ্নপত্র সংগ্রহ করে নির্ধারিত পরীক্ষার আগেই সাপ্তাহিক পরীক্ষার নামে মডেল টেস্ট পরীক্ষা নেয়। ওই কিন্ডারগার্টেনে নিয়মিত এসব অনিয়ম হওয়ায় জনমনে ক্ষোভের সৃষ্টি হয়েছে। শিক্ষা অফিস সূত্রে জানা যায়, গত ৬ আগস্ট থেকে উপজেলার সবগুলো প্রাথমিক বিদ্যালয়ে শিশু থেকে ৫ম শ্রেণী পর্যন্ত একযোগে অভিন্ন প্রশ্নপত্রে ২য় সাময়িক পরীক্ষা শুরু হয়। পরীক্ষার কয়েকদিন আগে নির্ধারিত সরকারি ফি নিয়ে সবগুলো বিদ্যালয়ে প্রশ্নপত্র সরবরাহ করে শিক্ষা অফিস। শিক্ষার্থী ও অভিভাবকরা জানান, ইউরিকা কিন্ডারগার্টেন কর্তৃপক্ষ একই প্রশ্নপত্র সংগ্রহ করে শিক্ষা অফিসের নির্ধারিত রুটিনের আগেই একই প্রশ্নপত্রে মডেল টেস্ট পরীক্ষা নেয়। রুটিন অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে গত ৭ আগস্ট ৫ম শ্রেণীর বাংলা পরীক্ষা হলেও তার আগেই ৩ আগস্ট একই শ্রেণীর একই প্রশ্নপত্রে ইউরিকা কিন্ডারগার্টেনে মডেল টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হয়। সরকারি দফতরের নির্ধারিত পরীক্ষার আগেই কিন্ডারগার্টেন কর্তৃপক্ষ কিভাবে ওই প্রশ্নপত্র ব্যবহারের সুযোগ পেল তা নিয়ে জনমনে ক্ষোভ ও নানা প্রশ্নের সৃষ্টি হয়। সরিষাবাড়ী আন্তঃপ্রাথমিক বিদ্যালয়ের ২য় সাময়িক পরীক্ষার বাংলা প্রশ্নপত্রের সঙ্গে মিলিয়ে দেখা যায়, ওপরে শুধুমাত্র ইউরিকা কিন্ডারগার্টেন অ্যান্ড ক্যাডেট কোচিং নামটি মুদ্রণ করা হয়েছে। ১ থেকে ১৫ নং প্রশ্নের সবগুলো হুবহু একই ক্রমানুসারে সাজানো হয়েছে।

এ ব্যাপারে ইউরিকা কিন্ডারগার্টেনের পরিচালক আহসান হাবীব লাভলু অভিযোগ অস্বীকার করে বলেন, বিষয়টি কাকতালীয়ভাবে মিলে গেছে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ ফেরদৌস সাংবাদিকদের বলেন, পরীক্ষার আগেই সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রশ্নপত্র ব্যবহার করে ইউরিকা কিন্ডারগার্টেন মডেল টেস্ট নেয়, যা অন্যায়। এর বিরুদ্ধে শীঘ্রই ব্যবস্থা নেয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইয়েদ এজেড মোরশেদ আলী সাংবাদিকদের জানান, বিষয়টি শুনে শিক্ষা কর্মকর্তাকে বিভাগীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেয়া হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে